# কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালস (সিবিএলএম)

# অটোমোটিভ মেকানিক্স

## লেভেল – ০১

## মডিউল শিরোনামঃ অটোমোবাইলের মেজর পদ্ধতি ব্যাখ্যা করন

## (Module: Interpreting Major System of Automobiles)

**মডিউল কোড: CBLM-OU-LE-AM-02-L1-V1**

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধানমন্ত্রীর কার্যালয়,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## কপিরাইট

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ,
প্রধানমন্ত্রীর কার্যালয় ।
১১-১২ তলা, বিনিয়োগ ভবন
ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
ইমেইল: ec@nsda.gov.bd
ওয়েবসাইট: www.nsda.gov.bd
ন্যাশনাল স্কিলস পোর্টাল: http:\\skillsportal.gov.bd

এই কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালটির (সিবিএলএম) স্বত্ত্ব জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর নিকট সংরক্ষিত। এনএসডিএ-এর যথাযথ অনুমোদন ব্যতীত অন্য কেউ বা অন্য কোন পক্ষ এ সিবিএলএমটির কোন রকম পরিবর্তন বা পরিমার্জন করতে পারবে না।

“অটোমোবাইলের মেজর পদ্ধতি ব্যাখ্যা করন” এই সিবিএলএমটি এনএসডিএ কর্তৃক অনুমোদিত অটোমোটিভ মেকানিক্স লেভেল-১ অকুপেশনের কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড ও কারিকুলামের ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে। এতে অটোমোটিভ মেকানিক্স লেভেল-১ স্ট্যান্ডার্ডটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় তথ্য সন্নিবেশিত হয়েছে।

ইনস্ট্রাকশনাল এক্টিভিটি তৈরি করার ক্ষেত্রে সিবিএলএম ডেভেলপার/শিক্ষক/প্রশিক্ষক/এসেসর এ সিবিএলএমটিকে মূল রেফারেন্স পয়েন্ট হিসাবে ব্যবহার করবে। এটি প্রশিক্ষার্থী, প্রশিক্ষকদের জন্য গুরুত্বপূর্ণ সহায়ক ডকুমেন্ট।

এ ডকুমেন্টটি সংশ্লিষ্ট বিশেষজ্ঞ প্রশিক্ষক/পেশাজীবীর দ্বারা এনএসডিএ কর্তৃক প্রণয়ন করা হয়েছে।

এনএসডিএ স্বীকৃত দেশের সকল সরকারি-বেসরকারি-এনজিও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অটোমোটিভ মেকানিক্স লেভেল-১ কোর্সের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য এ সিবিএলএমটি ব্যবহার করতে পারবে।

----------------------- তারিখে অনুষ্ঠিত ------------কর্তৃপক্ষ সভায় অনুমোদিত।

# সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা

এই মডিউলে প্রশিক্ষণ উপকরণ ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে বলা হয়েছে। এই কার্যক্রমগুলো প্রশিক্ষণার্থীকে সম্পন্ন করতে হবে। এই মডিউল সফলভাবে শেষ করলে আপনি অটোমোবাইল যান সনাক্ত করতে পারবেন। এছাড়াও অটোমোবাইল প্রধান সিস্টেম সনাক্ত করতে পারবেন। অটোমোবাইলের মেজর পদ্ধতি ব্যাখ্যা করতে একজন দক্ষ মেকানিক্স এর জন্য যে প্রয়োজনীয় জ্ঞান ও ইতিবাচক মনোভাব প্রয়োজন তা এই মডিউলে অন্তর্ভুক্ত রয়েছে।

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশিষ্ট অনুশীলন ও সম্পন্ন করতে হবে।

শিখন কার্যক্রমের ধারা জানার জন্য "শিখন কার্যক্রম" অংশটি অনুসরণ করুন। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্র, তথ্যপত্র, কার্যক্রম পত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তরপত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্যে শিখন কার্যক্রম অংশটি দেখতে হবে। এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করে।

তথ্যপত্রটি পড়ুন। এতে কার্যক্রম সম্পর্কে সঠিক ধারণা এবং সুনির্দিষ্টভাবে কাজ করার ধারণা পাওয়া যাবে। 'তথ্যপত্রটি' পড়া শেষ করে 'সেলফ চেক শীট' এ উল্লেখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে 'সেলফ চেক শীট' সমাপ্ত করুন। 'সেলফ চেক' শীটে দেয়া প্রশ্নগুলোর উত্তর সঠিক হয়েছে কি না তা জানার জন্য 'উত্তর পত্র' দেখুন।

জব শীটে নির্দেশিত ধাপ অনুসরণ করে যাবতীয় কার্য সম্পাদন করুন। এখানেই আপনি নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন।

এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোনো প্রশ্ন থাকলে ফ্যাসিলিটেটরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করে নিশ্চিত হবেন যে, আপনি পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কিনা তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মান এর একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য।

# সূচিপত্র


কপিরাইট ---------- ii

সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা---------- vi

মডিউল কন্টেন্ট ---------- ১

**শিখনফল (Learning Outcome)-১ঃ অটোমোবাইল যান সনাক্ত করতে পারবে**----------২

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -১ : অটোমোবাইল যান সনাক্ত করতে পারা----------৩

ইনফরমেশন শীট ১ : অটোমোবাইল যান সনাক্ত করতে পারা ----------৩

ইনফরমেশন শীট (Information Sheet) ১ঃ অটোমোবাইল যান সনাক্ত করতে পারা ----------৪

সেলফ চেক (Self Check)- ১ঃ অটোমোবাইল যান সনাক্ত করতে পারা---------- ১২

উত্তরপত্র (Answer Key)-১ঃ অটোমোবাইল যান সনাক্ত করতে পারা ---------- ১৩

জব-শীট ( Job Sheet)-১ঃ ইঞ্জিনের ধরণ চিহ্নিত করা ---------- ১৪

স্পেসিফিকেশন শীট ১.১ঃ ইঞ্জিনের ধরণ চিহ্নিত করা ---------- ১৬

**শিখন ফল (Learning Outcome)-২ঃ অটোমোবাইলের প্রধান সিস্টেম সমুহ সনাক্ত করতে পারবে** ---------- ১৭

প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ২ঃ অটোমোবাইলের প্রধান সিস্টেম সমুহ সনাক্ত করতে পারা- ১৮

ইনফরমেশন শীট (Information Sheet)ঃ ২ঃ অটোমোবাইলের প্রধান সিস্টেম সমুহ সনাক্ত করতে পারা-- ১৯

সেলফ চেক শীট (Self Check Sheet) ২ঃ অটোমোবাইলের প্রধান সিস্টেম সমুহ সনাক্ত করা---------- ৩০

উত্তর পত্র (Answer Ke)- ২ঃ অটোমোবাইলের প্রধান সিস্টেম সমুহ সনাক্ত করা---------- ৩৩

জব-শীট ( Job Sheet)- ২ : ইঞ্জিনের প্রধান কম্পোনেন্ট/অংশ সমূহ চিহ্নিত করা ---------- ৩৬

স্পেসিফিকেশন শীট ২.১ঃ ইঞ্জিনের প্রধান কম্পোনেন্ট/অংশ সমূহ চিহ্নিত করা---------- ৩৮

**দক্ষতা পর্যালোচনা (Review of Competency)**---------- ৩৯

**সিবিএলএম পর্যালোচনা কমিটির সদস্যবৃন্দ**---------- **উৎৎড়ৎ! ইড়ড়শসধৎশ হড়ঃ ফবভরহবফ.**

# মডিউল কন্টেন্ট

| | |
|---|---|
| **ইউ ও সি শিরোনাম** | **অটোমোইলের মেজর পদ্ধতি ব্যাখ্যা করুন** |
| **ইউ ও সি কোড** | **OU-LE-AM-02-L1-V1** |
| **মডিউল শিরোনাম** | **অটোমোইলের মেজর পদ্ধতি ব্যাখ্যাকরণ** |
| **মডিউলের বর্ণনা** | এই মডিউলটি অটোমোবাইলের মেজর পদ্ধতি ব্যাখ্যা করার প্রয়োজনীয় দক্ষতা, জ্ঞান এবং মনোভাব অন্তর্ভুক্ত করা হয়েছে।<br>তাছাড়া মডিউলটিতে ইঞ্জিনের মেজর কম্পোন্যান্ট চিহ্নিত করার দক্ষতা অন্তর্ভুক্ত রয়েছে। |
| **নমিনাল সময়** | **২৪ ঘন্টা** |
| **শিখনফল** | **এই মডিউলটি সম্পন্ন করার পর প্রশিক্ষার্থীরা নিম্ন বর্ণিত কাজ গুলো করতে পারবেন।**<br>১. অটোমোবাইল যান সনাক্ত করতে পারা<br>২. অটোমোবাইল প্রধান সিস্টেম সনাক্ত করতে পারা |

## অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়া: (Assessment Criteria)

১. অটোমোবাইল শব্দটি ব্যাখ্যা করতে সক্ষম হয়েছে;
২. অটোমোবাইলের প্রকার বর্ণনা করতে সক্ষম হয়েছে;
৩. ইঞ্জিনের ধরণ চিহ্নিত করতে সক্ষম হয়েছে;
৪. বিভিন্ন ইঞ্জিনের কাজের নীতি ব্যাখ্যা করতে সক্ষম হয়েছে;
৫. অটোমোবাইলের প্রধান কম্পোনেন্টগুলি চিহ্নিত করতে সক্ষম হয়েছে;
৬. ইঞ্জিনের প্রধান কম্পোনেন্টগুলি চিহ্নিত করতে সক্ষম হয়েছে;
৭. ইঞ্জিনের প্রধান উপাদানগুলির কার্যাবলী বর্ণনা করা হয়েছে;
৮. অটোমোবাইলের প্রধান সিস্টেম চিহ্নিত করতে সক্ষম হয়েছে;
৯. ইঞ্জিনের প্রধান সিস্টেমের কার্যাবলী বর্ণনা করা হয়েছে।

## শিখনফল (Learning Outcome)-১: অটোমোবাইল যান সনাক্ত করতে পারবে

| | |
|---|---|
| অ্যাসেসমেন্ট মানদন্ড | ১. অটোমোবাইল শব্দটি ব্যাখ্যা করতে সক্ষম হয়েছে;<br>২. অটোমোবাইলের প্রকার বর্ণনা করতে সক্ষম হয়েছে;<br>৩. ইঞ্জিনের ধরণ চিহ্নিত করতে সক্ষম হয়েছে। |
| শর্ত ও রিসোর্স | ১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ<br>২. সিবিএলএম<br>৩. হ্যান্ডআউটস<br>৪. ল্যাপটপ<br>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর<br>৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার<br>৭. ইন্টারনেট সুবিধা<br>৮. হোয়াইট বোর্ড ও মার্কার<br>৯. অডিও ভিডিও ভিভাইস<br>১০. প্রয়োজনীয় পিপিই |
| বিষয়বস্তু | ১. অটোমোবাইল টার্ম<br>২. অটোমোবাইল যানের প্রকারভেদ<br>৩. ইঞ্জিনের ধরণ |
| এক্টিভিটি/টাস্ক/জব | ১. ইঞ্জিনের ধরণ চিহ্নিত করুন |
| প্রশিক্ষণ পদ্ধতি | ১. আলোচনা (Discussion)<br>২. উপস্থাপন (Presentation)<br>৩. প্রদর্শন (Demonstration)<br>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)<br>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)<br>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)<br>৭. সমস্যা সমাধান (Problem Solving)<br>৮. মাথাখাটানো (Brainstorming) |
| অ্যাসেসমেন্ট পদ্ধতি | ১. লিখিত অভীক্ষা (Written Test)<br>২. প্রদর্শন (Demonstration)<br>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning)<br>৪. পোর্টফলিও (Portfolio) |

## শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -১ : অটোমোবাইল যান সনাক্ত করতে পারা

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্জক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্জক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যাবহার করুন।

| শিখন কার্যক্রম (Learning Activities) | উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions) |
|---|---|
| ১. প্রশিক্ষার্থীগন কোন শিক্ষা উপকনর ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে। | ১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “**অটোমোবাইল যান শনাক্ত করতে পারা”** শেখার জন্য উপকরন প্রদান করবেন। |
| ২. ইনফরমেশন শীট পড়তে হবে। | ২. ইনফরমেশন শীট ১ : অটোমোবাইল যান সনাক্ত করতে পারা |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেল্ফ-চেক শীট ১ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন; উত্তরপত্র ১ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শীট ও স্পেসিফিকেশন শীট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. নিম্নোক্ত জব/টাস্ক শীট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন<br>জব শীট ১.১: ইঞ্জিনের ধরণ চিহ্নিত করুন<br>স্পেসিফিকেশন শীট ১.১: ইঞ্জিনের ধরণ চিহ্নিত করুন |

## ইনফরমেশন শীট (Information Sheet) ১: অটোমোবাইল যান সনাক্ত করতে পারা

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে

১.১ অটোমোবাইল টার্ম
১.২ অটোমোবাইল যানের প্রকারভেদ
১.৩ ইঞ্জিনের ধরণ

### ১.১ অটোমোবাইল টার্ম সমূহ

অটোমোবাইল সম্পর্কে জানতে নিচের বিষয় সমূহ সম্পর্কে পূর্ণ্ জ্ঞান অত্যাবশ্যক।

- অটোমোবাইল
- ইঞ্জিন
- সিলিন্ডার
- বোর
- টিডিসি
- বিডিসি
- স্ট্রোক
- পিস্টন ডিসপ্লেসমেন্ট
- সোয়েপ্ট ভলিউম
- ক্লিয়ারেন্স ভলিউম
- টোটাল ভলিউম
- সংকোচন অনুপাত
- ইঞ্জিন দক্ষতা
- অশ্ব ক্ষমতা

| | |
|---|---|
| **অটোমোবাইল :** "অটোমোবাইল" শব্দটি এসেছে গ্রীক উপসর্গ "αυτό" (self) এবং ল্যাটিন শব্দ "mobilis" (চলমান) থেকে। এই নামের অর্থ "স্ব-চলমান", কারণ গাড়িগুলি তাদের নিজস্ব শক্তিতে চলে এবং চলার জন্য বাইরে থেকে ঘোড়া বা অন্য কোন শক্তির প্রয়োজন হয় না।<br><br>বিভিন্ন ধরনের অটোমোবাইল (আছে; রাস্তা ও ভবন নির্মাণের জন্য যাত্রীবাহী গাড়ি, পণ্যবাহী গাড়ি ,যাত্রীবাহী গাড়ি )হল মানুষ পরিবহনের অটোমোবাইল। ট্যাক্সি, বাস এবং ব্যক্তিগত গাড়ি হল যাত্রীবাহী গাড়ি। |  |

| | |
|---|---|
| **ইঞ্জিন :** ইঞ্জিন এমন এক ধরণের ডিভাইস যা রাসায়নিক শক্তিকে দহন প্রক্রিয়ার মাধ্যমে তাপ শক্তিতে রূপান্তর করে। অতঃপর তাপ শক্তিকে যান্ত্রিক শক্তিতে রূপান্তর করে নিজে চলে এবং অন্য ডিভাইসকে চলতে সহায়তা করে থাকে ইঞ্জিন বলে। |  |
| **সিলিন্ডার :** সিলিন্ডার ইঞ্জিনের একটি গুরুত্বপূর্ণ অংশ। এটি এমন একটি চেম্বার যেখানে জ্বালানি দহন করা হয় এবং শক্তি উৎপন্ন হয়। সিলিন্ডারে একটি পিস্টন এবং শীর্ষে দুধরণের  ভালভ থাকে; ইনলেট এবং এগজস্ট ভালভ। |  |
| **বোর:** সিলিন্ডার বোর হল একটি ইঞ্জিন ব্লকের একটি গর্ত যা চলাচলের সময় পিস্টনকে এলাইন করে এবং উপর-নীচ চলাচল করতে সহায়তা করে। মূলতঃ একটি ইঞ্জিনের বোর হল সিলিন্ডারের ব্যাস। |  |
| **টিডিসি ও বিডিসি:** TDC - টপ ডেড সেন্টার । এটি একটি ইন্টারনাল কম্বাসশন ইঞ্জিনের পিস্টনের অবস্থান যখন পিস্টন স্ট্রোকের একেবারে শীর্ষে থাকে।<br>BDC - বটম ডেড সেন্টার । এটি TDC এর বিপরীত, যখন পিস্টন তার স্ট্রোকের একেবারে নীচে থাকে। |  |
| **স্ট্রোক:** একটি সিলিন্ডার  অভ্যন্তরে টিডিসি থেকে বিডিসি পর্যন্ত কিংবা বিডিসি থেকে টিডিসি পর্যন্ত উভয় দিকে পিস্টনের সম্পূর্ণ ভ্রমণকে স্ট্রোক বোঝায় । চারটি পৃথক স্ট্রোক হলো: সাকশন, কমেপ্রসন, পাওয়ার এবং এগজস্ট। |  |

**পিস্টন ডিসপ্লেসমেন্ট:** পিস্টন টি-ডি-সি. থেকে বি.ডি.সি. নামিবার সময় যতটা ভল্যুম বা শূন্যতার সৃষ্টি হয় তাহাকে পিস্টন ডিসপ্লেসমেন্ট বলা হয়। ইহা নির্ভর করে পিস্টনের মাপ কিউবিক সেন্টিমিটার সিলিন্ডার বোর এবং পিস্টনের স্ট্রোকের মাপের উপর।একটি পিস্টনের ডিসপ্লেসমেন্ট পেতে, সিলিন্ডারের আয়তন বের করা দরকার।

সূত্রটি ব্যবহার করে আয়তন বের করুন: $V = \pi r^2 h$

যেখানে $V$ হল আয়তন, $r$ হল ব্যাসার্ধ এবং $h$ হল উচ্চতা (বা স্ট্রোক)




**সুইপ্ট ভলিউম:** সুইপ্ট ভলিউম হল একটি সিলিন্ডারের পিস্টন ডিসপ্লেসমেন্ট। এটি টপ ডেড সেন্টার (TDC) এবং বটম ডেড সেন্টার(BDC) মধ্যবর্তী আয়তন।




**ক্লিয়ারেন্স ভলিউম :** ইঞ্জিনের "ক্লিয়ারেন্স ভলিউম" হল যখন পিস্টন টিডিসিতে থাকে তেখন সিলিন্ডার হেড এবং পিস্টনের মধ্যবর্তী ভলিউম ।




**টোটাল ভলিউম:** একটি সিলিন্ডারের সুইপ্ট ভলিউম এবং ক্লিয়ারেন্স ভলিউম এর যোগফলকে টোটাল ভলিউম বলে।



চিত্র: টোটাল ভলিউম

| | |
|---|---|
| **সংকোচন অনুপাত:** কম্প্রেশন রেশিও হল একটি অভ্যন্তরীণ দহন ইঞ্জিনে সিলিন্ডার এবং দহন চেম্বারের ভলিউমের মধ্যে তাদের সর্বোচ্চ এবং সর্বনিম্ন মানগুলির অনুপাত।<br>কম্প্রেশন রেশিও হল ইঞ্জিনের মোট ভলিউমকে ইঞ্জিনের ক্লিয়ারেন্স ভলিউম দ্বারা ভাগ করা।<br>$\text{কম্প্রেশন রেশিও} = \frac{\text{টোটাল ভলিউম}}{\text{ক্লিয়ারেন্স ভলিউম}} = \frac{\text{সুইপ্ট ভলিউম} + \text{ক্লিয়ারেন্স ভলিউম}}{\text{ক্লিয়ারেন্স ভলিউম}}$ | <br> |
| **ইঞ্জিন দক্ষতা:** দক্ষতা হল একটি নির্দিষ্ট পরিমাণ তাপ ইনপুট থেকে একটি ইঞ্জিন কতটা দরকারী কাজ তৈরি করতে পারে তার একটি পরিমাপ। এটিকে তাপ ইনপুটের এবং কাজের আউটপুটের অনুপাত হিসাবে সংজ্ঞায়িত করা হয়, এটিকে শতাংশ বা ভগ্নাংশ হিসাবে প্রকাশ করা হয়। কোনো তাপ ইঞ্জিনের 100% দক্ষতা থাকতে পারে না, কারণ কিছু তাপ সবসময় পরিবেশে হারিয়ে যায়। | <br> |
| **অশ্ব ক্ষমতা:** হর্সপাওয়ার (এইচপি) শক্তি পরিমাপের একক (যে হারে কাজ করা হয়) এটি মূলত 550 ফুট-পাউন্ড প্রতি সেকেন্ড (ft-lb/s) হিসাবে সংজ্ঞায়িত করা হয়েছিল। 1 এইচপি পাওয়ার লেভেল প্রায় 746 ওয়াট s (W) বা 0.746 কিলোওয়াট s (kW) এর সমতুল্য। অশ্বশক্তি থেকে ওয়াটে রূপান্তর করতে, 746 দ্বারা গুণ করুন। | <br><br>চিত্র: অশ্ব ক্ষমতা |

## ১.২ অটোমোবাইল যানের প্রকারভেদ

অটোমোবাইল যানকে অনেকগুলি মানদণ্ডের ভিত্তিতে বিভিন্ন প্রকারে শ্রেণীবদ্ধ করা যেতে পারে। অটোমোবাইল যানগুলির একটি সংক্ষিপ্ত শ্রেণীবিভাগ নীচে দেয়াহল:

**ক. উদ্দেশ্যের উপর ভিত্তি করে**

- যাত্রীবাহী বাহন
- বাণিজ্যিক যানবাহন

**খ. ক্ষমতার উপর ভিত্তি করে**

- ভারী মোটর গাড়ি
- হালকা মোটর গাড়ি
- মাঝারি মোটর গাড়ি

**গ. ব্যবহৃত জ্বালানীর উপর ভিত্তি করে**

- পেট্রোল
- ডিজেল
- সিএনজি
- বৈদ্যুতিক

- সৌর
- হাইব্রিড

ঘ. **ট্রান্সমিশন উপর ভিত্তি করে**

- প্রচলিত
- আধা-প্রচলিত
- স্বয়ংক্রিয়
- চাকার সংখ্যার উপর ভিত্তি করে
    - ২ হুইলার
    - ৩ চাকার গাড়ি
    - ৪ চাকার গাড়ি
    - ৬ চাকার গাড়ি
    - কিছু গাড়ির ৬ টিরও বেশি চাকা থাকে

ঙ. **সাইড ড্রাইভের উপর ভিত্তি করে**

- ডান দিকে ড্রাইভ
- লেফট সাইড ড্রাইভ

চ. **ইঞ্জিন অবস্থানের উপর ভিত্তি করে**

- সামনের ইঞ্জিন সামনের চাকা ড্রাইভ
- সামনের ইঞ্জিন রিয়ার চাকা ড্রাইভ
- রিয়ার ইঞ্জিন রিয়ার হুইল ড্রাইভ
- সামনের ইঞ্জিন অল হুইল ড্রাইভ

## ১.৩ ইঞ্জিনের ধরণ

বিভিন্ন বিষয়ের উপর ভিত্তি করে ইঞ্জিনের শ্রেণীভেদ করা হয়। মূলত, ইঞ্জিন দুই ধরনের, এবং তা হল-

| | |
|---|---|
| **বহিঃ দহন ইঞ্জিন:** ইঞ্জিনের বাইরে জ্বালানীর দহন ঘটে।এবং বেশিরভাগ জ্বালানী ব্যবহৃত হয় কয়লা কাঠ ইত্যাদি। উদাহরণ: স্টিম ইঞ্জিন |   |
| **অন্তঃ দহন ইঞ্জিন:** একটি অন্তঃ দহন ইঞ্জিনে, ইঞ্জিনের ভিতরে জ্বালানীর দহন ঘটে। দুই-স্ট্রোক এবং চার-স্ট্রোক পেট্রোল এবং ডিজেল ইঞ্জিন হল অভ্যন্তরীণ জ্বলন ইঞ্জিনের উদাহরণ। বিভিন্ন ধরনের অভ্যন্তরীণ দহন (I.C.) ইঞ্জিন রয়েছে এবং তাদের শ্রেণীবিভাগ বিভিন্ন ভিত্তিতে হয়। |  |

**ডিজাইনের উপর ভিত্তি করে :** রোটারি ইঞ্জিন, রেসিপ্রোকেটিং ইঞ্জিন



চিত্র: রোটারি ইঞ্জিন




চিত্র:রেসিপ্রোকেটিং ইঞ্জিন

**ব্যবহৃত জ্বালানীর উপর ভিত্তি করে:** পেট্রোল ইঞ্জিন, ডিজেল ইঞ্জিন, গ্যাস ইঞ্জিন।



চিত্র: পেট্রোল ইঞ্জিন



চিত্র: ডিজেল ইঞ্জিন



চিত্র: গ্যাস ইঞ্জিন

**অপারেশনের চক্র এর উপর ভিত্তি করে:** অটো সাইকেল ইঞ্জিন, ডিজেল সাইকেল, ডুয়েল সাইকেল ইঞ্জিন ।




চিত্র: অটো সাইকেল ইঞ্জিন




চিত্র: ডিজেল সাইকেল ইঞ্জিন




চিত্র: ডুয়েল সাইকেল ইঞ্জিন ।

**স্ট্রোকের সংখ্যার উপর ভিত্তি করে:** টো-স্ট্রোক ইঞ্জিন, চার-স্ট্রোক ইঞ্জিন




চিত্র: টু-স্ট্রোক ইঞ্জিন




চিত্র: চার-স্ট্রোক ইঞ্জিন

**স্পার্ক** ইগনিশন ইঞ্জিন (এসআই ইঞ্জিন), সংকুচিত ইগনিশন ইঞ্জিন (সিআই ইঞ্জিন), ই এফ আই ইঞ্জিন

| | | |
|---|---|---|
|  |  |  |
| চিত্র: স্পার্ক ইগনিশন ইঞ্জিন (এসআই ইঞ্জিন) | চিত্র: সংকুচিত ইগনিশন ইঞ্জিন (সিআই ইঞ্জিন) | চিত্র: ই এফ আই ইঞ্জিন |

**সিলিন্ডারের সংখ্যার উপর ভিত্তি করে:** একক সিলিন্ডার, ডাবল সিলিন্ডার, মাল্টি সিলিন্ডার (3, 4, 6, 8, 12, 16 ইত্যাদি)

| | | |
|---|---|---|
|  |  |  |
| চিত্র: একক সিলিন্ডার | চিত্র: ডাবল সিলিন্ডার | চিত্র: মাল্টি সিলিন্ডার (৩, ৪, ৬, ৮, ১২, ১৬ |

**সিলিন্ডারের বিন্যাসের উপর ভিত্তি করে:** উল্লম্ব, অনুভূমিক, রেডিয়াল, ভি-টাইপ, ডাব্লু-টাইপ,অপোজড সিলিন্ডার।

| | | |
|---|---|---|
|  |  |  |
| চিত্র: উল্লম্ব | চিত্র: অনুভূমিক | চিত: রেডিয়াল |

| | | |
|---|---|---|
|  |  |  |
| চিত্র: ভি-টাইপ | চিত্র: ডাব্লু-টাইপ | চিত্র: অপোজড সিলিন্ডার। |

**ভালভ ব্যবস্থা এর উপর ভিত্তি করে:** এল-হেড, আই-হেড, এফ-হেড, টি-হেড ইঞ্জিন

| | | | |
|---|---|---|---|
|  |  |  |  |
| চিত্র:এল-হেড | চিত্র:আই-হেড | চিত্র: এফ-হেড | চিত্র: টি-হেড ইঞ্জিন |

**শীতলকরণের উপর ভিত্তি করে :** এয়ার কুল্ড ইঞ্জিন, ওয়াটার কুল্ড ইঞ্জিন

| | |
|---|---|
|  |  |
| চিত্র: এয়ার কুল্ড ইঞ্জিন | চিত্র: ওয়াটার কুল্ড ইঞ্জিন |

## সেলফ চেক (Self Check)- ১: অটোমোবাইল যান সনাক্ত করতে পারা

প্রশিক্ষণার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

অতি সংক্ষিপ্ত প্রশ্নঃ

১. দহনের ধরনের ভিত্তিতে ইঞ্জিন কত প্রকার ও কি কি?

**উত্তর:**

২. ইঞ্জিন বলতে কী বুঝায়?

**উত্তর:**

৩. সুয়েপ্ট ভলিউম কী?

**উত্তর:**

৪. অন্তর্দহ ইঞ্জিন কাকে বলে?

**উত্তর:**

৫. কমেপ্রশন রেশিও কাকে বলে?

**উত্তর:**

## উত্তরপত্র (Answer Key)-১: অটোমোবাইল যান সনাক্ত করতে পারা

**১.** দহনের ধরনের ভিত্তিতে ইঞ্জিন কত প্রকার ও কি কি**?**

**উত্তর:** দহনের ধরনের ভিত্তিতে ইঞ্জিন দুই প্রকারঃ
ক. আই সি ইঞ্জিন বা অন্তর্দহ ইঞ্জিন
খ. ই সি ইঞ্জিন বা বহির্দহ ইঞ্জিন

২. ইঞ্জিন বলতে কী বুঝায়

**উত্তর:** ইঞ্জিন এমন এক ধরণের ডিভাইস যা রাসায়নিক শক্তিকে দহন প্রক্রিয়ার মাধ্যমে তাপ শক্তিতে রূপান্তর করে । অতঃপর তাপ শক্তিকে যান্ত্রিক শক্তিতে রূপান্তর করে নিজে চলে এবং অন্য ডিভাইসকে চলতে সহায়তা করে।

৩. সুয়েপ্ট ভলিউম কী?

**উত্তর:** সুইপ্ট ভলিউম হল একটি সিলিন্ডারের পিস্টন ডিসপ্লেসমেন্ট। এটি টপ ডেড সেন্টার (TDC) এবং বটম ডেড সেন্টার (BDC) মধ্যবর্তী আয়তন।

৪. অন্তর্দহ ইঞ্জিন কাকে বলে?

**উত্তর:** যে ইঞ্জিনে দহন ক্রিয়া ইঞ্জিনের অভ্যন্তরে ঘটে তাকে অন্তর্দহ ইঞ্জিন বলে।

**৫.** কমেপ্রশন রেশিও কাকে বলে**?**

**উত্তর:** কম্প্রেশন রেশিও হল ইঞ্জিনের মোট ভলিউমকে ইঞ্জিনের ক্লিয়ারেন্স ভলিউম দ্বারা ভাগ করা।

$$\text{কম্প্রেশন রেশিও} = \frac{\text{টোটাল ভলিউম}}{\text{ক্লিয়ারেন্স ভলিউম}} = \frac{\text{সুইপ্ট ভলিউম} + \text{ক্লিয়ারেন্স ভলিউম}}{\text{ক্লিয়ারেন্স ভলিউম}}$$

## জব-শীট ( Job Sheet)-১: ইঞ্জিনের ধরণ চিহ্নিত করা

**পারদর্শিতার মানদন্ড:**

| | |
|---|---|
| ১. | অটোমোবাইল শব্দটি ব্যাখ্যা করতে সক্ষম হয়েছে |
| ২. | অটোমোবাইলের প্রকার eY©bv করতে সক্ষম হয়েছে |
| ৩. | ইঞ্জিনের ধরন চিহ্নিত করতে সক্ষম হয়েছে |

**কাজের ধাপ:**

প্রশিক্ষক প্রতিটি টুলস ও ইকুইপমেন্ট সমূহের সঠিক ব্যবহার প্রদর্শন করার পরে নিম্নলিখিত কার্যকলাপটি শুরু করুন। কাজকে ভাল ভাবে সম্পন্ন করার যোগ্যতা অর্জনের জন্য কয়েকবার পুনরাবৃত্তি করতে হবে।

১. সেফটি ড্রেস সংগ্রহ করুন ও পরিধান করুন

২. স্পেসিফিকেশন অনুসারে টুলস এবং ইকুইপমেন্ট সংগ্রহ করুন।

৩. বিভিন্ন ইঞ্জিন সংগ্রহ করুন

৪. ইঞ্জিনের বিভন্ন ধরণ চিহ্নিত করুন।

৫. সকল যন্ত্রপাতি পরিস্কার করুন।

৬. সকল যন্ত্রপাতি স্টোর করুন।

| | |
|---|---|
|  |  |
| ধাপ-১ সেফটি ড্রেস সংগ্রহ করুন ও পরিধান করুন। | ধাপ-২ স্পেসিফিকেশন অনুসারে টুলস এবং ইকুইপমেন্ট সংগ্রহ করুন। |
|   |  |
| ধাপ-৩ (ক) বিভিন্ন ইঞ্জিন সংগ্রহ করুন | ধাপ-৩ (খ) বিভিন্ন ইঞ্জিন সংগ্রহ করুন |
| ধাপ-৪ প্রতিটি ইঞ্জিনের ছবি দেখে নিচের খালি জায়গায় ইঞ্জিনের নাম লিখুন। | |
|   |  |
| | |

| | |
|---|---|
|  |  |
| ধাপ-৫ সকল  যন্ত্রপাতি পরিস্কার করুন | ধাপ:-৬ সকল যন্ত্রপাতি স্টোর করুন। |

**সতর্কতা সমুহ**

১. কাজ করার সময় অব্যশই PPE পরিধান করতে হবে।

২. সঠিক ভাবে টুলসের ব্যবহার নিশ্চিত করতে হবে।

৩. কাজের সময় অমনোযোগী হওয়া যাবে না।

৪. যদি বোঝতে সমস্যা হয় তবে শিক্ষক এর সহায়তা নিতে হবে।

৫. শিক্ষক এর অনুমতি ছাড়া অন্য কোনো কাজ করা যাবে না।

# স্পেসিফিকেশন শীট ১.১: ইঞ্জিনের ধরণ চিহ্নিত করা

**কাজের শর্তাদি:** কাজটি অবশ্যই নিরাপদ পদ্ধতিতে স্ট্যান্ডার্ড অনুযায়ী সম্পাদন করবেন।

**নির্দেশনাঃ** পিপিই সনাক্ত করে পরিধান করবেন এবং প্রত্যেকটির কাজ লিপিবদ্ধ করবেন।

**প্রয়োজনীয় পিপিই সমুহ**

| ক্রমিক নং | পিপিই এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমান |
|---|---|---|---|---|
| ১. | সেফটি সু | ষ্টান্ডার্ড মাপ অনুযায়ী | জোড়া | ০১ |
| ২. | মাস্ক | ষ্টান্ডার্ড মাপ অনুযায়ী | সংখ্যা | ০১ |
| ৩. | হ্যান্ড গ্লাভস | ষ্টান্ডার্ড মাপ অনুযায়ী | জোড়া | ০১ |
| ৪. | সেফটি গগলস | ষ্টান্ডার্ড মাপ অনুযায়ী | সংখ্যা | ০১ |
| ৫. | হেলমেট | ষ্টান্ডার্ড মাপ অনুযায়ী | সংখ্যা | ০১ |
| ৬. | এপ্রোন | ষ্টান্ডার্ড মাপ অনুযায়ী | সংখ্যা | ০১ |
| ৭. | ইয়ার প্লাগ | ষ্টান্ডার্ড মাপ অনুযায়ী | জোড়া | ০১ |

**প্রয়োজনীয় টুলস এবং ইকুইপমেন্টস:**

| ক্রমিক নং | টুলস এবং ইকুইপমেন্টের নাম | স্পেসিফিকেশন | একক | পরিমান |
|---|---|---|---|---|
| ১. | স্ক্রু ড্রাইভার সেট | ষ্ট্যান্ডার্ড আকারের | সেট | ০১ |
| ২. | এলেন কি সেট | ষ্ট্যান্ডার্ড আকারের | সেট | ০১ |
| ৩. | এল- রেঞ্চ | ষ্ট্যান্ডার্ড আকারের | সেট | ০১ |
| ৪. | ওপেন এন্ডেট রেঞ্চ | ষ্ট্যান্ডার্ড আকারের | সেট | ০১ |
| ৫. | কম্বিনেশন প্লায়াস্ | ষ্ট্যান্ডার্ড আকারের | সংখ্যা | ০১ |

**প্রয়োজনীয় কাচাঁমাল সমুহ:**

| ক্রমিক নং | কাচাঁমালের নাম | স্পেসিফিকেশন | একক | পরিমান |
|---|---|---|---|---|
| ১. | ওয়েষ্ট কটন | ষ্ট্যান্ডার্ড আকারের | কেজি | ১ |
| ২. | ন্যাপকিন | ষ্ট্যান্ডার্ড আকারের | সংখ্যা | ১ |
| ৩. | টিস্যু পেপার | ষ্ট্যান্ডার্ড আকারের | বক্স | ১ |

## **শিখল -২: অটোমোবাইলের প্রধান সিস্টেম সমুহ সনাক্ত** করতে পারবে

| | |
|---|---|
| **অ্যাসেসমেন্ট মানদন্ড** | ১. বিভিন্ন ইঞ্জিনের কাজের নীতি ব্যাখ্যা করতে সক্ষম হয়েছে।<br>২. অটোমোবাইলের প্রধান কম্পোনেন্ট চিহ্নিত করতে সক্ষম হয়েছে।<br>৩. ইঞ্জিনের প্রধান কম্পোনেন্ট চিহ্নিত করতে সক্ষম হয়েছে।<br>৪. ইঞ্জিনের প্রধান উপাদানগুলির কার্যাবলী বর্ণনা করা হয়েছে।<br>৫. অটোমোবাইলের প্রধান সিস্টেম সমুহ চিহ্নিত করতে সক্ষম হয়েছে।<br>৬. অটোমোবাইলের প্রধান সিস্টেম সমুহের কার্যাবলী বর্ণনা করা হয়েছে। |
| **শর্ত ও রিসোর্স** | ১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ<br>২. সিবিএলএম<br>৩. হ্যান্ডআউটস<br>৪. ল্যাপটপ<br>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর<br>৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার<br>৭. ইন্টারনেট সুবিধা<br>৮. হোয়াইট বোর্ড ও মার্কার |
| **বিষয়বস্তু** | ১. বিভিন্ন ইঞ্জিনের কাজের পদ্ধতি<br>২. অটোমোবাইলের প্রধান কম্পোনেন্টে/অংশ সমূহ।<br>৩. ইঞ্জিনের প্রধান কম্পোনেন্টে/অংশ সমূহ।<br>৪. ইঞ্জিনের প্রধান যন্ত্রাংশগুলির কার্যাবলী ।<br>৫. অটোমোবাইলের প্রধান সিস্টেম সমুহ<br>৬. অটোমোবাইলের প্রধান সিস্টেম সমুহের কার্যাবলী । |
| **অ্যাক্টিভিটি/টাস্ক/জব** | ১. ইঞ্জিনের প্রধান কম্পোনেন্টে/অংশ সমূহ চিহ্নিত করুন |
| **প্রশিক্ষণ পদ্ধতি** | ১. আলোচনা (Discussion)<br>২. উপস্থাপন (Presentation)<br>৩. প্রদর্শন (Demonstration)<br>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)<br>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)<br>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)<br>৭. সমস্যা সমাধান (Problem Solving)<br>৮. মাথাখাটানো (Brainstorming) |
| **অ্যাসেসমেন্ট পদ্ধতি** | ২.১ লিখিত অভীক্ষা (Written Test)<br>২.২ প্রদর্শন (Demonstration)<br>২.৩ মৌখিক প্রশ্ন (Oral Questioning)<br>২.৪ পোর্টফলিও (Portfolio) |

## প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ২: অটোমোবাইলের প্রধান সিস্টেম সমুহ সনাক্ত করতে পারা

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্জক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্জক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যাবহার করুন।

| শিখন কার্যক্রম<br>(Learning Activities) | উপকরণ / বিশেষ নির্দেশনা<br>(Resources / Special instructions) |
|---|---|
| ১. এই মডিউলটির ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে। | ১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের "**অটোমোবাইলএর প্রধান সিস্টেমসমূহ শনাক্ত করতে পারা"** শেখার জন্য উপকরন প্রদান করবেন। |
| ২. ইনফরমেশন শীট পড়তে হবে। | ২. ইনফরমেশন শীট ২ : অটোমোবাইলের প্রধান সিস্টেমসমূহ সনাক্ত করা। |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেল্ফ-চেক শীট ২ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন।<br>উত্তরপত্র ২ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শীট ও স্পেসিফিকেশন শীট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. নিম্নোক্ত জব/টাস্ক শীট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন<br>টাস্ক শীট ২.১: ইঞ্জিনের প্রধান কম্পোনেন্ট/অংশ সমূহ চিহ্নিত করুন<br>স্পেসিফিকেশন শীট ২.১: ইঞ্জিনের প্রধান কম্পোনেন্ট/ অংশ সমূহ চিহ্নিত করুন |

# ইনফরমেশন শীট (Information Sheet): ২: অটোমোবাইলের প্রধান সিস্টেম সমুহ সনাক্ত করতে পারা

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে

২.১ বিভিন্ন ইঞ্জিনের কাজের পদ্ধতি
২.২ অটোমোবাইলের প্রধান কম্পোনেন্ট/অংশ সমূহ
২.৩ ইঞ্জিনের প্রধান কম্পোনেন্ট/অংশ সমূহ
২.৪ ইঞ্জিনের প্রধান যন্ত্রাংশগুলির কার্যাবলী
২.৫ অটোমোবাইলের প্রধান সিস্টেম সমুহ
২.৬ অটোমোবাইলের প্রধান সিস্টেম সমুহের কার্যাবলী ।

## ২.১ বিভিন্ন ইঞ্জিনের কাজের পদ্ধতি

### টু-স্ট্রোক পেট্রোল ইঞ্জিনের কার্যনীতি (Working principle of 2-stroke petrol engine):

১৮৮১ সনে 'Clark'2-stroke petrol engine উদ্ভাবন করেন। এ ইঞ্জিনে একটি ইনলেট পোর্ট, একটি এগজস্ট পোর্ট এর্ব একটি ট্রান্সফার পোর্ট থাকে। এ ইঞ্জিনে কোন ভালভ থাকে না। পিস্টন ওয়ালই ভালভের কাজ করে। এ ইঞ্জিনে পিস্টনের দুটি স্ট্রোকে একবার শক্তি উৎপন্ন হয়। স্ট্রোক দুটি হলো-

- Upward stroke
- Downward stroke

**Upward stroke:**এই স্ট্রোকে পিস্টন B.D.C হতে T.D.C এর দিকে যেতে থাকে এবং দহন প্রকোষ্ঠে প্রবেশ করা এয়ার ফুয়েল মিশ্রন সংকুচিত করে। এ সময় ইনলেট পোর্ট খুলে দেয় এবং Crankcase এ শূণ্যতার সৃস্টি হয়। ফ্রেশ এয়ার ফুয়েল মিশ্রন Crankcase এ প্রবেশ করে। অর্থাৎ পিস্টনের এ Suction ও Compression সম্পন্ন হয়।




**Downward stroke:** পিস্টন যখন T.D.C তে পৌছে তখন Spark Plug হতে Electric Spark পেয়ে এয়ার ফুয়েল মিশ্রন প্রজ্বলিত হয়। জ্বালানি দহনের ফলে Combustion Chamber এর চাপ বহুগুণে বেড়ে যায়। এই উচ্চ চাপের প্রভাবে পিস্টন দ্রুত নিচের দিকে নামতে থাকে। ফলে expansion বা power সম্পন্ন হয়।এ সময় Exhaust Port খুলে যায় এবং পোড়া গ্যাস সিলিন্ডার হতে বায়ুমন্ডলে চলে যায়। অর্থাৎ Exhaust Stroke সম্পন্ন হয়।

পিস্টনের নিম্নগতির কারণে crankcase এ পূর্বের Stroke এ প্রবেশ করা এয়ার ফুয়েল মিশ্রন Transfer Port দিয়ে Combustion Chamber এ প্রবেশকালে পিস্টন হেডের Deflector দ্বারা নিয়ন্ত্রিত হয়। ফলে চার্জ Exhaust Port এর দিকে না গিয়ে Combustion Chamber এ উপরের দিকে ধাবিত হয়। ফ্রেশ চার্জ দ্বারা পোড়া গ্যাস বের করে দেয়ার কাজেও Deflector সহায়তা করে। পিস্টনের Downward



| | |
|---|---|
| Stroke এ Expansion ও Exhaust সম্পন্ন হয় এবং নতুন চক্রের পুনরাবৃত্তি ঘটে। | |

**দু-ঘাত বিশিষ্ট ডিজেল ইঞ্জিনের কার্যপদ্ধতি (Working Principle of two stroke Diesel Engine):**

দু-ঘাত পেট্রোল ইঞ্জিনের মত দুই ঘাত ডিজেল ইঞ্জিন ও উর্ধ্বমূখী ও নিম্নমূখী ঘাতের সমন্বয়ে গঠিতঃ

| | |
|---|---|
| **উর্ধ্বমূখী ঘাত (Upward Stroke):** এই ঘাতে পিস্টন ও বি.ডি.সি হতে টি.ডি.সি- তে যায়। ফলে ক্রাঙ্ককেসের মধ্যে বায়ু শূন্যতার দরুন সুপারচার্জার হতে আগত পরিষ্কার বাতাস প্রবেশ করে। এই সময় নির্গমন পথ বন্ধ হয়ে গেলে বায়ু দহন প্রকোষ্ঠে সংকুচিত হয়। অর্থ্যাৎ এই ঘাতে বাতাস গ্রহণ ও সংকোচন সম্পন্ন হয়। |   Figure 4 The two-stroke diesel engine |
| **নিম্নমূখী ঘাত (Downward Stroke):** পিষ্টন টি.ডি.সি.তে পৌঁছার ঠিক পূর্বমুহর্তে ইনজেক্টরের সাহায্যে ডিজেল জ্বালানি সিলিন্ডারের দহন প্রকোষ্ঠে স্প্রে করা হয়। এই অবস্থায় জ্বালানী প্রজ্বলিত হয়ে বিস্ফোরণ ঘটায়। পোড়া গ্যাস আয়তনে বৃদ্ধি পায় এবং পিস্টনকে প্রচন্ড বেগে নিচের দিকে ধাক্কা দেয়, ফলে পিস্টন নিচের দিকে নামতে থাকে। পিস্টন আরো নিচে নামলে ট্রান্সফার পোর্ট ও নির্গমন পথ খুলে যায় তখন পোড়া গ্যাস বের হতে আরম্ভ করে। একই সাথে পিস্টনটি নিচে নামার দরুন ক্রাঙ্ককেসের এই চাপ বৃদ্ধি পায় এবং ট্রান্সফার পোর্ট দিয়ে বাতাস সিলিন্ডারে প্রবেশ করে। এই বাতাসের ধাক্কায় অবশিষ্ট পোড়া গ্যাস বের হয়ে যায়। | |

**ফোর স্ট্রোক এস আই (Spark Ignition/Petrol) ইঞ্জিন এর কার্য পদ্ধতি**

- **সাকশন স্ট্রোক:-** এই স্ট্রোকে ইনলেট ভালভ খোলা থাকে এবং এগজস্ট ভালভ বন্ধ থাকে, পিস্টন টপ ডেড সেন্টার (T.D.C) থেকে বটম ডেড সেন্টার (B.D.C) এর দিকে গমন করে এবং ইনটেক পোর্ট দিয়ে জ্বালানী ও বাতাসের মিশ্রণ/চার্জ সিলিন্ডারের ভিতরে প্রবেশ করে।
- **কম্প্রেশন স্ট্রোক:** এই স্ট্রোকের সময় ইনলেট এবং এক্সজস্ট ভালভ উভয়ই বন্ধ থাকে। পিস্টন B.D.C থেকে T.D.C এর দিকে গমন করে এবং চার্জকে ক্লিয়ারেন্স ভলিউম পর্যন্ত সংকুচিত করে। এই প্রক্রিয়া চলাকালীন মিশ্রণের চাপ এবং তাপমাত্রা বৃদ্ধি পায়। কম্প্রেশন স্ট্রোক শেষ হওয়ার ঠিক আগে মিশ্রণটিতে স্পার্ক প্লাগের সাহায্যে প্রজ্জ্বলন ঘটানো হয়।
- **পাওয়ার স্ট্রোক:** এই স্ট্রোকের সময় ইনলেট এবংএগজস্ট উভয় ভালভ বন্ধ থাকে। কম্প্রেশন স্ট্রোকের শেষের দিকে মিশ্রণে প্রজ্জ্বলন ঘটায় প্রবল তাপ ও চাপসহ প্রচন্ড শক্তি উৎপন্ন হয় । এই শক্তি পিস্টনকে T.D.C থেকে B.D.C এর দিকে ধাক্কা দিয়ে ক্র্যাংকশ্যাপ্টে তথা ইঞ্জিনে ঘূর্ণন গতি তৈরি করে।
- **এগজস্ট স্ট্রোক:** এই স্ট্রোকে ইনলেট ভালভ বন্ধ থাকে এবং এক্সজস্ট ভালভ খোলা থাকে।পিস্টন B.D.C থেকে T.D.C এর দিকে গমন করে। এই সময় পিস্টন সিলিন্ডারের ভিতরের পোড়া গ্যাসকে ধাক্কা দিয়ে এক্সজস্ট পোর্টদিয়ে বের করে দেয়। স্ট্রোকের শেষে এক্সজস্ট ভালভ বন্ধ হয়ে যায়। আবার ইনলেট ভালভ খোলে এবং একটি নতুন চক্র শুরু হয়।




স্ট্রো

